

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬০৮

আগরতলা ,২৫ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২৪ অক্টোবর, ২০২৪ স্যল্ডন পত্রিকায় ‘জেলা হাসপাতালে জেনেরিক কাউন্টার বন্ধ’ শিরোনামে এবং আজ ২৫ অক্টোবর ২০২৪ আজকের ফরিয়াদ পত্রিকায় ‘জেনেরিক মেডিসিন সেন্টার বন্ধ দেড় বছর বঞ্চিত উনকোটি জেলাবাসী’ শিরোনামে প্রকাশিত সংবাদ দুটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, জেনেরিক ওষুধের কাউন্টার পরিচালনার দায়িত্বে রয়েছে মার্কেটিং ফেডারেশন অব ত্রিপুরা লিমিটেড (ত্রিপুরা মার্কফেড)। উনকোটি জেলা হাসপাতালের মেডিকেল সুপারিনটেনডেন্ট জেনেরিক ওষুধের কাউন্টারটি পুনরায় চালু করার জন্য মার্কেটিং ফেডারেশন অব ত্রিপুরা লিমিটেড (ত্রিপুরা মার্কফেড) এর ম্যানেজিং ডাইরেক্টরকে ইতিপূর্বে অনুরোধ জানিয়েছেন। তারা জেনেরিক ওষুধের কাউন্টার খোলার জন্য তিন মাসের সময় চেয়েছে।
